

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৪৭৫

আগরতলা, ৫ জানুয়ারি, ২০২৪

**রাজ্যে ৩টি সাধারণ ডিগ্রী কলেজ স্থাপন করা হয়েছে**

২০২১, ২০২২ ও ২০২৩ সালের ৩১ আগস্ট পর্যন্ত সরকারিভাবে রাজ্যে ৩টি সাধারণ ডিগ্রী কলেজ স্থাপন করা হয়েছে। এগুলি হচ্ছে সাধারণ ডিগ্রী কলেজ পানিসাগর, সাধারণ ডিগ্রী কলেজ পুরাতন আগরতলা এবং শ্রী অরবিন্দ সাধারণ ডিগ্রী কলেজ (ইংলিশ মিডিয়াম), আগরতলা। আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মার এক প্রশ্নের লিখিত উত্তরে উচ্চশিক্ষা তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। মুখ্যমন্ত্রী জানান, সরকারিভাবে ৩টি সাধারণ ডিগ্রী কলেজ ছাড়াও প্রাইভেট পাবলিক পার্টনারশিপে (পিপিপি) রাজ্যে ১টি আইন কলেজ স্থাপন করা হয়েছে। এটি হচ্ছে জিরানীয়া ‘ল’ কলেজ, মোহনপুর, জিরানীয়া। এছাড়াও বেসরকারিভাবে স্বামী ধনজয় দাস কাঠিয়াবাবা মিশন কলেজ’ নামে একটি কলেজ পশ্চিম ভুবনেবন, আগরতলায় চালু রয়েছে।

মুখ্যমন্ত্রী জানান, নতুন কলেজ নির্মাণ করার ক্ষেত্রে সাধারণত যে জায়গায় কলেজ নির্মাণ করা হবে সেখানে ঐ এলাকার নিকটবর্তী উচ্চ মাধ্যমিক স্কুল থেকে পাশ করা ছাত্রাত্মীর সংখ্যা, কলেজের চাহিদা, কলেজ করার মতো উপযুক্ত স্থান এবং নিকটবর্তী এলাকার অন্যান্য কলেজের অবস্থান ইত্যাদি বিষয়কে বিবেচনা করে অগ্রাধিকার দেওয়া হয়।

\*\*\*\*\*